DEC. 22 2001

দৈনিক ইনকিলাব

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

**৮ ১০ ও ১২ জানুয়ারী সরকারী স্কুলে ভর্তি পরীক্ষা**

# স্কুলে ভর্তি মৌসুম শুরু অভিভাবক মহল উদ্বিগ্ন

**মোঃ আবদুর রহিম** ॥ সরকারী-বেসরকারী স্কুলসমূহ ঈদের ছুটি শেষে খুলে যাওয়ার পরপরই শুরু হবে ভর্তি মৌসুম। ভর্তি নিয়ে এখনই উদ্বিগ্ন হয়ে পড়েছেন অভিভাবক মহল। বিভিন্ন স্কুলে ২৩ তারিখ থেকেই ভর্তি ফরম বিতরণ শুরু হবে।

সরকারী ও বেসরকারী স্কুলে ভর্তি পরীক্ষায় অংশ নেয়াতে যার যার মতো করে সন্তানের প্রস্তুতি নেয়াচ্ছেন অভিভাবকগণ। ভিকারুননিসা নুন স্কুল, গভমেন্ট ল্যাবরেটরী হলিক্রস, আইডিয়াল স্কুল, মণিপুর উচ্চ বিদ্যালয়ের মতো নামী-দামী স্কুলসমূহে ভর্তির জন্য তদবির শুরু হয়েছে নানাবিধ উপায়ে। ইতোমধ্যে মন্ত্রী পর্যায়ের সুপারিশও হয়ে গেছে। একটি বিশিষ্ট স্কুলের চেয়ারম্যান নবনির্বাচিত এমপি বলেছেন, "তদবিরের চাপ এতোই বেশী যে, পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে তদবিরের মাধ্যমে ভর্তির কোন সুযোগ নেই, একথা ঘোষণা দেয়া ছাড়া গত্যন্তর নেই।"

আগামী ২২/২৩ তারিখ থেকে ১ জানুয়ারীর মধ্যে সকল স্কুলই খুলে যাবে এবং বার্ষিক পরীক্ষার ফলাফল ঘোষণা সম্পন্ন হবে। একই সময়ে ভর্তি ফরম বিতরণ শুরু হবে। বার্ষিক পরীক্ষার ফলাফল ঘোষণার মধ্যদিয়েই আগামী শিক্ষাবর্ষের ভর্তির

৩-এর পৃঃ ১-এর কঃ দেখুন

## ৮/১০ ও ১২ জানুয়ারী সরকারী স্কুলে ভর্তি পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

মৌসুম শুরু হবে। আগামী ২৩ ডিসেম্বরের মধ্যে ভিকারুননিসা স্কুলসহ সরকারী স্কুলসমূহ ঈদের ছুটি শেষে স্কুলে যাবে। ভিকারুন নিসা নূন স্কুলে আগামী ২৩ ডিসেম্বর বার্ষিক পরীক্ষার ফলাফল ঘোষণা হবে। ভিকারুন নিসা নূন স্কুলে ভর্তি পরীক্ষার ফরম বিতরণ সম্পন্ন হয়েছে নভেম্বর মাসে। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ২৭, ২৮ ও ২৯ ডিসেম্বর। স্কুল খোলা এবং বার্ষিক পরীক্ষার ফলাফল ঘোষণার পরপরই অন্যান্য সরকারী-বেসরকারী স্কুলে ভর্তি পরীক্ষার ফরম বিতরণ শুরু হবে। আইডিয়াল স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ৪, ৬, ৯ ও ১১ জানুয়ারী। রাজধানীর সরকারী স্কুলসমূহে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৮, ১০ ও ১২ জানুয়ারী। রাজধানীর ২৪টি সরকারী স্কুলকে এ, বি ও সি ক্যাটাগরিতে ভাগ করে এ তিন দিনে ভর্তি পরীক্ষা সম্পন্ন হবে। সরকারী স্কুলে ভর্তির ক্ষেত্রে সরকারী প্রাইমারী স্কুলের ছাত্র-ছাত্রীদের জন্য শতকরা ১০ ভাগ কোটা সংরক্ষণের নির্দেশ দেয়া হয়েছে। সরকারী প্রাইমারী স্কুলের ছাত্র-ছাত্রীদের পরীক্ষার খাতা থাকবে ভিন্ন রং-এর এবং এদের খাতা মূল্যায়ন করা হবে পৃথকভাবে। 'এ' গ্রুপের স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৮ জানুয়ারী সকাল ৯টা থেকে ১১টার মধ্যে পঞ্চম শ্রেণী পর্যন্ত। দুপুর ১½ টা থেকে সাড়ে ৩টার মধ্যে ৬ষ্ঠ শ্রেণী থেকে ৯ম শ্রেণী পর্যন্ত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। একই নিয়মে ১০ ডিসেম্বর 'বি' গ্রুপ এবং ১২ ডিসেম্বর 'সি' গ্রুপের স্কুলে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। 'এ', 'বি' ও 'সি' গ্রুপ স্কুলসমূহ হচ্ছে ঃ

**'এ' গ্রুপ**

গভঃ ল্যাবরেটরী হাই স্কুল, মিরপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারী উচ্চ বিদ্যালয়, নিউ গভঃ গার্লস হাইস্কুল, ইসলামিয়া সরকারী উচ্চ বিদ্যালয়, মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়।

**'বি' গ্রুপ**

মতিঝিল সরকারী বালক উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারী উচ্চ বিদ্যালয়, গভঃ মুসলিম হাইস্কুল, বাংলাবাজার সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, সরকারী বিজ্ঞান কলেজ (স্কুল শাখা), ধানমন্ডি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, কামরুন্নেছা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, ধানমন্ডি।

**'সি' গ্রুপ**

ধানমন্ডি সরকারী বালক উচ্চ বিদ্যালয়, আরমানিটোলা সরকারী উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, কামরুন্নেছা সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, টিকাটুলি; তেজগাঁও সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা কলেজিয়েট স্কুল, গণভবন সরকারী উচ্চ বিদ্যালয়, তেজগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়।